

--	--	--

## জীববিজ্ঞান (২য় পত্র)

দ্বাদশ অধ্যায় : প্রাণীর আচরণ

লেকচার -০১

আলোচ্য বিষয়ঃ প্রাণীর আচরণ, আচরণের প্রকৃতি, উদ্দীপনায় আচরণগত পরিবর্তন

প্রাণীর আচরণ :

উত্তরঃ বিভিন্ন পরিবেশ ও পরিস্থিতির সাপেক্ষে একটি প্রাণীর সাড়া দেয়া বা প্রতিক্রিয়াকে প্রাণীর আচরণ বলে ।

ইথোলজি : জীববিজ্ঞানের যে শাখায় প্রাণীর আচরণ সম্পর্কে আলোচনা করা হয় তাকে ইথোলজি বলে ।

আচরণের প্রকৃতি :

বায়োলজিক্যাল রিদম বা জৈবনিক ছন্দ : প্রাণীর কিছু আচরণ চক্রাকারে সংঘটিত হয় । এটি দৈনিক, মাসিক, রীতুভিত্তিক কিংবা বার্ষিক সময়ভিত্তিক হতে পারে । যেমন- অনেক প্রজাতির স্ত্রী সদস্য বছরের নির্দিষ্ট সময় ছাড়া জননে অংশ নেয় না । জীবের এই আচরণগত বৈশিষ্ট্যই হচ্ছে বায়োলজিক্যাল রিদম বা ছন্দ ।

সাংকেতিক উদ্দীপনা : প্রাইমেট জাতীয় অনেক স্ত্রী সদস্যের যৌনোঙ্গের রং ও স্ফীতি দেখে, পুরুষ সদস্য তাতে আকৃষ্ট হয়ে জনন সম্পন্ন করে । পরিবর্তনে সহায়ক এ ধরনের সংকেতকে সাংকেতিক উদ্দীপনা বলে । উৎপত্তি ও কাজের ভিত্তিতে সাংকেতিক উদ্দীপনা তিন রকম : মোটিভেশনাল ,রিলিজিং এবং টার্মিনেটিং উদ্দীপনা ।

উদ্দীপনায় আচরণগত পরিবর্তন :

মোটিভেশন বা প্রেরণাদায়ক উদ্দীপনা : এ উদ্দীপনা অভ্যন্তরীণ বা বাহ্যিক হতে পারে । ।

অভ্যন্তরীণ উদ্দীপনা : জীবদেহের ভেতরকার শারীরবৃত্তীয় বা মনস্তাত্ত্বিক পরিবর্তনকে অভ্যন্তরীণ উদ্দীপনা বলে ।

রিলিজিং বা নির্গমন উদ্দীপনা : কোন প্রজাতির এক সদস্যের একই প্রজাতির আরেক সদস্যের উদ্দেশ্যে আচরণগত সাড়ার অংশ হিসাবে ক্রমাগত উদ্দীপনার প্রকাশই হচ্ছে রিলিজিং বা নির্গমন উদ্দীপনা ।

টার্মিনেটিং উদ্দীপনা : যে উদ্দীপনায় আচরণগত সাড়ার সমাপ্তিকরন ঘটে তাই হলো টার্মিনেটিং উদ্দীপনা ।

জ্ঞানমূলক প্রশ্ন :

ক. প্রাণীর আচরণ কী?

খ. বায়োলজিক্যাল রিদম কী?

গ. সাংকেতিক উদ্দীপনা কী?

ঘ. রিলিজিং কী?

ঙ. টার্মিনেটিং উদ্দীপনা কী?